

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৮৫

১৩/ তालाक ও लि'ञान (إلله عليه عن رسول الله عليه)

পরিচ্ছেদঃ যথার্থভাবে বা কৌতুকার্থে 'তালাক' উচ্চারণ করা।

باب مَا جَاءَ فِي الْجِدِّ وَالْهَزْلِ فِي الطَّلاَقِ

আরবী

حَدَّ اَنَا قُتَيْبَةُ، حَدَّ اَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَرْدَكَ، عَنْ عَطَاءٍ، عَنِ ابْنِ مَاهَكَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " ثَلاَثُ جِدُّهُنَّ جِدُّ وَهَزْلُهُنَّ جِدُّ النِّكَاحُ وَالطَّلاقُ وَالرَّجْعَةُ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ. وَهَزْلُهُنَّ جِدُّ النِّكَاحُ وَالطَّلاقُ وَالرَّجْعَةُ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ. وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ. قَالَ أَبُو عِيسَى وَعَبْدُ الرَّحْمَنِ هُوَ ابْنُ حَبِيبِ بْنِ أَرْدَكَ الْمَدَنِيُّ وَابْنُ مَاهَكَ هُوَ عِنْدِي يُوسُفُ بُنُ مَاهَكَ هُو عِنْدِي يُوسُفُ بُنُ مَاهَكَ .

বাংলা

১১৮৫. কুতায়বা (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তিনটি বিষয় এমন যেগুলির যথার্থ তো যথার্থই এমনকি সেগুলোর কৌতুকের ব্যবহারও যথার্থ: বিবাহ, তালাক, রাজআত। - ইবনু মাজাহ ২০৩৯, তিরমিজী হাদিস নম্বরঃ ১১৮৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-গারীব। সাহাবী ও অপরাপর আলিমগণের আমল এ হাদীস অনুসারে রয়েছে। রাবী আবদুর রহমান হলেন ইবনু হাবীব ইবনু আদরাক আল-মাদানী। আমার মতে (এই সনদের) ইবনু মাহাক হলেন ইউসৃফ ইবনু মাহাক।

English

Abu Hurairah narrated that:

The Messenger of Allah said: "Three are serious when they are serious, and serious when they are in jest: Marriage, divorce, and return."



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন